সূত্র নং- সাবীক/প্র:কা:/মা:স:/২০২২/৬৬৫ তারিখ: ০৮-০৩-২০২২

# বিজ্ঞপ্তি

গত ২৩-০২-২০২২ তারিখে অনুষ্ঠিত ৬৪৫তম বোর্ড সভায় সংস্থার কর্মকর্তা/কর্মচারী পদোন্নতি নীতিমালা, ২০২১ আংশিক সংশোধনী অনুমোদন করা হয়। বর্ণিত নীতিমালাটি নিম্নরূপঃ-

## সাধারণ বীমা কর্পোরেশনের কর্মকর্তা/কর্মচারী পদোন্নতি নীতিমালা, ২০২১

১। **শিরোনামঃ** ইহা সাধারণ বীমা কর্পোরেশনের কর্মকর্তা/কর্মচারী পদোন্নতি নীতিমালা, ২০২১ নামে অভিহিত হবে।

২। **প্রযোজ্যতাঃ** ইহা সাধারণ বীমা কর্পোরেশনে কর্মরত সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের পদোন্নতির জন্য প্রযোজ্য হবে।

৩। **পদোন্নতির সাধারণ শর্তাবলীঃ**

৩.১ কর্পোরেশনের সকল পদের পদোন্নতি মেধা এবং জ্যেষ্ঠতার ভিত্তিতে প্রদান করতে হবে।

৩.২ সন্তোষজনক চাকুরীর রেকর্ড, শিক্ষাগত যোগ্যতা, কর্মদক্ষতা, প্রশিক্ষণ, পেশাগত যোগ্যতা, কম্পিউটার জ্ঞান ও সততার ভিত্তিতে পদোন্নতি প্রদান করা হবে।

৩.৩ কোন কর্মচারীর বিরুদ্ধে বিভাগীয় মামলা দাখিল বা দুর্নীতি দমন কমিশন কর্তৃক দায়েরকৃত মামলার চার্জশীট দাখিল বা ফৌজদারী মামলা দায়েরের সরকারি মঞ্জুরী প্রদান করা হলে অথবা উক্তরূপ কারণে কোন কর্মচারী গ্রেফতার হলে (পরবর্তীতে জামিন লাভ করলেও) উক্ত মামলা চূড়ান্ত নিস্পত্তি না হওয়া পর্যন্ত তিনি পদোন্নতির জন্য বিবেচিত হবেন না। কোন কর্মকর্তা বা কর্মচারী বিভাগীয় মামলার অভিযোগ হতে অব্যাহতি পেলে বা উক্ত মামলায় দোষী সাব্যস্ত না হলে বা দুর্নীত দমন কমিশন (দুদক) কর্তৃক দায়েরকৃত মামলা অথবা ফৌজদারী মামলার অভিযোগ হতে অব্যাহতি পেলে পদ শূন্য থাকা সাপেক্ষে তিনি পরবর্তী পদে পদোন্নতির জন্য বিবেচিত হবেন এবং এরূপ পদোন্নতির ক্ষেত্রে তিনি ধারণাগত জ্যেষ্ঠতা প্রাপ্য হবেন। তবে কোন আর্থিক সুবিধা পাবেন না।

৩.৪ কর্পোরেশন কর্তৃক কোন কর্মকর্তা/কর্মচারীকে লঘুদন্ড প্রদান করা হলে তিনি দন্ড শেষ হওয়ার পর ০১(এক) বছর পর্যন্ত পদোন্নতির জন্য বিবেচিত হবেন না।

৩.৫ কোন কর্মচারীকে কর্পোরেশন কর্তৃক গুরুদন্ড প্রদান করা হলে দন্ডের মেয়াদ শেষ হওয়ার পর পরবর্তী ০২(দুই) বছর পর্যন্ত পদোন্নতির জন্য বিবেচিত হবেন না।

৩.৬ ডেপুটি জেনারেল ম্যানেজার ও তদূর্ধ্ব পদসমূহে পদোন্নতি বিবেচনার ক্ষেত্রে মৌখিক পরীক্ষা গ্রহণের পূর্বেই প্রার্থীদের বিষয়ে **গোয়েন্দা সংস্থা** ও দুর্নীতি দমন কমিশন (দুদক) হতে মন্ত্রণালয়ের মাধ্যমে প্রতিবেদন সংগ্রহ করতে হবে। গোয়েন্দা সংস্থা কর্তৃক কোন বিরূপ মন্তব্য থাকলে পদোন্নতির জন্য যোগ্য বিবেচিত হবেন না।

৩.৭ কর্পোরেশনের প্রধান আইন কর্মকর্তা, আইন কর্মকর্তা, উপ-আইন কর্মকর্তা, সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিনিয়র প্রোগ্রামার, প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার, এসিস্ট্যান্ট মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, কন্ট্রোল সুপারভাইজার, কন্ট্রোল অপারেটর, ম্যানেজার (প্রকৌশল), ডেপুটি ম্যানেজার (প্রকৌশল), সহকারী ব্যবস্থাপক (প্রকৌশল), জুনিয়র অফিসার (প্রকৌশল), ডেপুটি জেনারেল ম্যানেজার (হিসাব), সহকারী জেনারেল ম্যানেজার (হিসাব) পদে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীগণ 'সাধারণ পদে' পদোন্নতির যোগ্য বিবেচিত হবেন না। তেমনিভাবে 'সাধারণ পদে' নিয়োজিত কোন কর্মকর্তা/কর্মচারী 'বিশেষায়িত পদে' পদোন্নতির যোগ্য বিবেচিত হবেন না। 'সরকারি প্রতিষ্ঠানের পার্সোনেল নিয়োগ বিধিমালা-২০১৯' অনুসরণপূর্বক আইটি সংক্রান্ত বিশেষায়িত পদের পদোন্নতি প্রদান করা হবে।

৩.৮ প্রেষণে বা লিয়েনে কর্মরতদের ক্ষেত্রে পদোন্নতিপ্রাপ্ত মূল পদে যোগদান না করা পর্যন্ত পদোন্নতি কার্যকর হবে না।

৩.৯ পদোন্নতি ব্যাচ ভিত্তিক হবে। তবে পূর্বে বাদ পড়া সিনিয়র ব্যাচের কর্মকর্তা যৌক্তিক কারণ থাকলে এ তালিকায় অন্তর্ভুক্ত করা যাবে।

৩.১০ মেধা তালিকায় অবস্থান করা প্রার্থী ও জ্যেষ্ঠতার তালিকায় অবস্থান করা প্রার্থীর নম্বর সমান হলে বা এ জাতীয় কোন সমস্যার উদ্ভব ঘটলে জ্যেষ্ঠতার তালিকায় অবস্থান করা প্রার্থী অগ্রাধিকার পাবেন।

৩.১১ পদোন্নতির যোগ্য সব পদের প্রার্থীদের ০১ (এক) বছরের জন্য একটি অপেক্ষমান তালিকা থাকবে।

৩.১২ ফিডার পদ (বর্তমান পদ) থেকে প্রার্থীদের পরবর্তী পদে পদোন্নতি পেতে সার্ভিস রুলস্ -এ যত বছরের কথা বলা হয়েছে প্রার্থীদের তত বছরের বাষিক গোপনীয় অনুবেদন এর গড় নম্বর বিবেচনা করতে হবে। সে ক্ষেত্রে যে সমস্ত পদে পদোন্নতি পেতে প্রার্থীদের ৫ বছর সময় প্রয়োজন হয়, সে ক্ষেত্রে সর্বশেষ ৫ বছরের এবং যে সমস্ত পদে পদোন্নতি পেতে প্রার্থীদের ৩ বছর সময় প্রয়োজন হয়, সে ক্ষেত্রে সর্বশেষ ৩ বছরের বার্ষিক গোপনীয় অনুবেদন হিসাব করতে হবে।

৪। **যোগ্যতা যাচাই পদ্ধতিঃ**

৪.১

| ফিডার পদ (বর্তমান পদ) | পদোন্নতির জন্য বিবেচ্য পদ | সাক্ষাৎকার গ্রহণের জন্য কোয়ালিফাইং নম্বর (৯০ নম্বরের মধ্যে) | পদোন্নতি কমিটি |
|---|---|---|---|
| ডেপুটি জেনারেল ম্যানেজার | জেনারেল ম্যানেজার | ৭০ | ১. চেয়ারম্যান, সাবীক পরিচালনা পর্ষদ -সভাপতি<br>২. অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের একজন উপযুক্ত প্রতিনিধি (যুগ্মসচিব বা তদূর্ধ্ব পর্যায়ের কর্মকর্তা) -সদস্য<br>৩. বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের একজন উপযুক্ত প্রতিনিধি (নির্বাহী পরিচালক/যুগ্মসচিবের নিম্নে নয়) -সদস্য<br>৪. ব্যবস্থাপনা পরিচালক, সাবীক -সদস্য<br>৫. জেনারেল ম্যানেজার (মানব সম্পদ), সাবীক -সদস্য সচিব |
| সহকারী জেনারেল ম্যানেজার | ডেপুটি জেনারেল ম্যানেজার | ৭০ | |
| ম্যানেজার | সহকারী জেনারেল ম্যানেজার | ৭০ | |

জেনারেল ম্যানেজার, ডেপুটি জেনারেল ম্যানেজার ও সহকারী জেনারেল ম্যানেজার পদে পদোন্নতি বিবেচনার জন্য প্রার্থীদেরকে স্নাতকোত্তর অথবা সমমানের ডিগ্রীধারী হতে হবে এবং একই সঙ্গে পেশাগত যোগ্যতা অর্থাৎ এসিআইআই/ একচ্যুয়ারি/বিআইএ ডিপ্লোমা/এমআইআরএম/এমএএস -এর যে কোন একটি ডিগ্রী অবশ্যই থাকতে হবে। সে ক্ষেত্রে মৌখিক পরীক্ষা/সাক্ষাৎকার গ্রহণের পূর্বে কোয়ালিফাইং নম্বর পেলেও তিনি পদোন্নতির যোগ্য বলে বিবেচিত হবেন না। তবে উল্লিখিত ৩টি শর্ত অর্থাৎ 'প্রার্থীদের স্নাতকোত্তর অথবা সমমানের ডিগ্রী থাকা', 'পেশাগত ডিগ্রী থাকা' ও 'কোয়ালিফাইং নম্বর পেলেও পদোন্নতির যোগ্য বলে বিবেচিত হবেন না' সংক্রান্ত বাধ্যবাধকতা নীতিমালাটি বিজ্ঞপ্তি আকারে প্রকাশের তারিখ হতে (১৫-১২-২০২১) পরবর্তী ০২ (দুই) বছর পর্যন্ত শিথিল থাকবে।

কর্পোরেশনের মানব সম্পদ বিভাগ জেনারেল ম্যানেজার, ডেপুটি জেনারেল ম্যানেজার ও সহকারী জেনারেল ম্যানেজার পদে পদোন্নতির জন্য ৯০ নম্বরের মধ্যে কোয়ালিফাইং নম্বরপ্রাপ্ত প্রার্থীদের একটি তালিকা প্রণয়ন করে যোগ্য প্রার্থীদের মৌখিক পরীক্ষা/সাক্ষাৎকার গ্রহণের নিমিত্তে সংশ্লিষ্ট তালিকা পদোন্নতি কমিটির নিকট উপস্থাপন করবে। উল্লিখিত পদোন্নতিযোগ্য পদে পদোন্নতি বিবেচনার জন্য সর্বমোট ১০০ (একশত) নম্বরের ভিত্তিতে পদোন্নতি কমিটি প্রার্থীগণকে সার্বিক মূল্যায়ন করবে। উক্ত ১০০(একশত) নম্বরের বিষয়ভিত্তিক বিভাজন (Break-up) নিম্নরূপ হবেঃ-

| বিষয় | | নম্বর বন্টন |
|---|---|---|
| **(১) বার্ষিক গোপনীয় অনুবেদন (ACR)** | | ৪৫ |
| **(২) শিক্ষাগত যোগ্যতা-** | | ১০ |
| **ক) স্নাতকোত্তর/চার বছর মেয়াদী স্নাতক(সম্মান) বা সমমান-**<br>(১ম শ্রেণী বা সমমানের গ্রেড- ১০, ২য় শ্রেণী বা সমমানের গ্রেড- ৯ ও ৩য় শ্রেণী বা সমমানের গ্রেড- ৮ নম্বর পাবেন।) | ১০ | |
| **খ) তিন বছর মেয়াদী স্নাতক (সম্মান) বা সমমান-**<br>(১ম শ্রেণী বা সমমানের গ্রেড- ৯, ২য় শ্রেণী বা সমমানের গ্রেড- ৮ ও ৩য় শ্রেণী বা সমমানের গ্রেড- ৭ নম্বর পাবেন।) | ৯ | |
| **গ) স্নাতক-**<br>(১ম শ্রেণী বা সমমানের গ্রেড- ৮, ২য় শ্রেণী বা সমমানের গ্রেড- ৭ ও ৩য় শ্রেণী বা সমমানের গ্রেড- ৬ নম্বর পাবেন।) | ৮ | |
| **ঘ) এইচ.এস.সি. বা সমমান-**<br>(১ম শ্রেণী বা সমমানের গ্রেড- ৭, ২য় শ্রেণী বা সমমানের গ্রেড- ৬ ও ৩য় শ্রেণী বা সমমানের গ্রেড- ৫ নম্বর পাবেন।) | ৭ | |
| **ঙ) এস.এস.সি. বা সমমান-**<br>(১ম শ্রেণী বা সমমানের গ্রেড- ৬, ২য় শ্রেণী বা সমমানের গ্রেড- ৫ ও ৩য় শ্রেণী বা সমমানের গ্রেড- ৪ নম্বর পাবেন।) | ৬ | |
| **(৩) পেশাগত যোগ্যতা-** | | ১০ |
| ক) বিআইএ ডিপ্লোমা- (ডিপ্লোমা পাশ সার্টিফিকেটধারী হতে হবে) | ৮ | |
| খ) এসিআইআই/একচ্যুয়ারি - | ৯ | |
| গ) এমআইআরএম/এমএএস বা সমমান/<br>বীমা বিষয়ক পোস্ট গ্রাজুয়েট ডিগ্রী বা পিএইচডি- | ১ | |

| | |
|---|---|
| **(৪) চাকুরিকাল-**<br>(বর্তমান পদে প্রতিবছরের জন্য ১ নম্বর এবং পূর্ববর্তী বছরসমূহের জন্য ০.২৫ নম্বর যোগ হবে) | ১০ |
| **(৫) কম্পিউটার জ্ঞান-** | ৫ |
| **(৬) ক) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা- ২.৫০**<br>**খ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)- ২.৫০** | ৫ |
| **(৭) মাঠ পর্যায়ের কার্যকাল-**<br>মাঠপর্যায়ে ২ বছর বা তদূর্ধ্ব চাকুরীকালের জন্য ৫ নম্বর পাবেন। তবে ২ বছরের কম অর্থাৎ ১ (এক) বছরের জন্য ২ নম্বর প্রাপ্ত হবেন। বছরের ভগ্নাংশের জন্য কোন নম্বর পাবেন না। 'মাঠ পর্যায়' বলতে প্রধান কার্যালয়ের বাইরে জোন, শাখা, উপ-শাখা অফিসকে বুঝাবে। | ৫ |
| **(৮) মৌখিক পরীক্ষা-** | ১০ |
| **সর্বমোট=** | ১০০ |

পদোন্নতি নীতিমালাটি বিজ্ঞপ্তি আকারে প্রকাশের তারিখ হতে মাঠ পর্যায়ের কার্যকালের নম্বর বন্টন ২ বছরের জন্য শিথিল থাকবে এবং এ সময়ের মধ্যে অনুষ্ঠিতব্য সকল পদোন্নতি বিবেচনার সময় সকল প্রার্থীই মাঠ পর্যায়ের কার্যকালের ৫(পাঁচ) নম্বর পাবেন। মৌখিক পরীক্ষা গ্রহণের পূর্বেই প্রার্থীদের কম্পিউটার জ্ঞান, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) -এর দক্ষতার বিষয়ে সংস্থার ব্যবস্থাপনা পরিচালক যাচাই-বাছাই করে নম্বর প্রদান করবেন। উল্লিখিত পদসমূহে পদোন্নতি বিবেচনার ক্ষেত্রে প্রার্থীদের মৌখিক পরীক্ষার পাশ নম্বর হবে ৪ (চার)।

৪.২ পদোন্নতি কমিটি জেনারেল ম্যানেজার, ডেপুটি জেনারেল ম্যানেজার ও সহকারী জেনারেল ম্যানেজার পদে প্রার্থীদের মৌখিক পরীক্ষা/সাক্ষাৎকার গ্রহণ শেষে একটি মেধা তালিকা প্রস্তুত করবেন। এরপর কমিটি উল্লিখিত ৩টি পদের শূন্য পদ পূরণের নিমিত্তে ১ম দু'টি শূন্য পদ উক্ত মেধা তালিকা থেকে এবং ৩য় শূন্য পদটি সংস্থা কর্তৃক প্রণীত জ্যেষ্ঠতা/গ্রেডেশন তালিকার ক্রমিকের সর্বোচ্চ অবস্থানে থাকা কর্মকর্তাকে মনোনীত করবেন। পদোন্নতি কমিটি এভাবে পর্যায়ক্রমে অবশিষ্ট শূন্য পদগুলোর প্রার্থী বাছাই করে পরবর্তী পদে পদোন্নতির জন্য চূড়ান্তভাবে একটি তালিকা প্রস্তুত করে তা অনুমোদনের জন্য সরাসরি বোর্ড সভায় উপস্থাপনের সুপারিশ করবেন।

৪.৩

| ফিডার পদ (বর্তমান পদ) | পদোন্নতির জন্য বিবেচ্য পদ | সাক্ষাৎকার গ্রহণের জন্য কোয়ালিফাইং নম্বর (৯০ নম্বরের মধ্যে) | পদোন্নতি কমিটি |
|---|---|---|---|
| ডেপুটি ম্যানেজার | ম্যানেজার | ৬৭ | ১. ব্যবস্থাপনা পরিচালক, সাবীক -সভাপতি<br>২. অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের একজন উপযুক্ত প্রতিনিধি (উপসচিব বা তদূর্ধ্ব পর্যায়ের কর্মকর্তা) -সদস্য<br>৩. বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের একজন উপযুক্ত প্রতিনিধি (পরিচালক বা তদূর্ধ্ব পর্যায়ের কর্মকর্তা) -সদস্য<br>৪. জেনারেল ম্যানেজার (মানব সম্পদ), সাবীক -সদস্য<br>৫. ডেপুটি জেনারেল ম্যানেজার (মানব সম্পদ), সাবীক -সদস্য সচিব |
| সহকারী ম্যানেজার | ডেপুটি ম্যানেজার | ৬৫ | |
| জুনিয়র অফিসার | সহকারী ম্যানেজার | ৬৩ | |
| উচ্চমান সহকারী | জুনিয়র অফিসার | ৬০ | |

ম্যানেজার, ডেপুটি ম্যানেজার পদে পদোন্নতির বিবেচনার জন্য প্রার্থীদের অবশ্যই স্নাতক বা সমমানের ডিগ্রীধারী হতে হবে। তবে ম্যানেজার পদে পদোন্নতির বিবেচনার ক্ষেত্রে পেশাগত যোগ্যতা অর্থাৎ এসিআইআই/একচ্যুয়ারি/বিআইএ ডিপ্লোমা/ এমআইআরএম/এমএএস -এর ডিগ্রীধারীগণ অগ্রাধিকার পাবে।

কর্পোরেশনের মানব সম্পদ বিভাগ ম্যানেজার, ডেপুটি ম্যানেজার, সহকারী ম্যানেজার ও জুনিয়র অফিসার পদে পদোন্নতির জন্য ৯০ নম্বরের মধ্যে কোয়ালিফাইং নম্বরপ্রাপ্ত প্রার্থীদের একটি তালিকা প্রণয়ন করে যোগ্য প্রার্থীদের মৌখিক পরীক্ষা/সাক্ষাৎকার গ্রহণের নিমিত্তে সংশ্লিষ্ট তালিকা নির্বাচনী বোর্ডের নিকট উপস্থাপন করবে।

উল্লিখিত পদোন্নতিযোগ্য পদে পদোন্নতি বিবেচনার জন্য পদোন্নতিযোগ্য প্রার্থীগণের শিক্ষাগত যোগ্যতা, বীমা বিষয়ে অর্জিত ডিগ্রি (ডিপ্লোমা), চাকুরী জীবনে সততা ও নৈতিকতা এবং বার্ষিক গোপনীয় অনুবেদন ইত্যাদি বিবেচনা করে সর্বমোট ১০০ (একশত) নম্বরের ভিত্তিতে নির্বাচনী বোর্ড প্রার্থীগণকে সার্বিক মূল্যায়ন করবে। উক্ত ১০০ (একশত) নম্বরের বিষয়ভিত্তিক বিভাজন (Break-up) নিম্নরূপ হবেঃ-

| বিষয় | নম্বর বন্টন |
|---|---|
| **(১) বার্ষিক গোপনীয় প্রতিবেদন (ACR)** | ৫০ |
| **(২) শিক্ষাগত যোগ্যতা-**<br>**ক) স্নাতকোত্তর/চার বছর মেয়াদী স্নাতক(সম্মান)/এমবিবিএস বা সমমান- ১০**<br>(১ম শ্রেণী বা সমমানের গ্রেড- ১০, ২য় শ্রেণী বা সমমানের গ্রেড- ৯ ও ৩য় শ্রেণী বা সমমানের গ্রেড- ৮ নম্বর পাবেন।)<br>**খ) তিন বছর মেয়াদী স্নাতক (সম্মান)/বিবিএ/এলএলবি বা সমমান- ৯**<br>(১ম শ্রেণী বা সমমানের গ্রেড- ৯, ২য় শ্রেণী বা সমমানের গ্রেড- ৮ ও ৩য় শ্রেণী বা সমমানের গ্রেড- ৭ নম্বর পাবেন।)<br>**গ) স্নাতক বা সমমান- ৮**<br>(১ম শ্রেণী বা সমমানের গ্রেড- ৮, ২য় শ্রেণী বা সমমানের গ্রেড- ৭ ও ৩য় শ্রেণী বা সমমানের গ্রেড- ৬ নম্বর পাবেন।)<br>**ঘ) এইচ.এস.সি. বা সমমান- ৭**<br>(১ম শ্রেণী বা সমমানের গ্রেড- ৭, ২য় শ্রেণী বা সমমানের গ্রেড- ৬ ও ৩য় শ্রেণী বা সমমানের গ্রেড- ৫ নম্বর পাবেন।)<br>**ঙ) এস.এস.সি. বা সমমান- ৬**<br>(১ম শ্রেণী বা সমমানের গ্রেড- ৬, ২য় শ্রেণী বা সমমানের গ্রেড- ৫ ও ৩য় শ্রেণী বা সমমানের গ্রেড- ৪ নম্বর পাবেন।) | ১০ |

| বিষয় | | নম্বর বন্টন |
|---|---|---|
| **(৩) পেশাগত যোগ্যতা-** | | ১০ |
| ক) বিআইএ ডিপ্লোমা- (ডিপ্লোমা পাশ সার্টিফিকেটধারী হতে হবে) | ৮ | |
| খ) এসিআইআই/একচ্যুয়ারি - | ৯ | |
| গ) এমআইআরএম/এমএএস বা সমমান/ বীমা বিষয়ক পোস্ট গ্রাজুয়েট ডিগ্রী বা পিএইচডি- | ১ | |
| **(৪) চাকুরিকাল-** (বর্তমান পদে প্রতিবছরের জন্য ১ নম্বর এবং পূর্ববর্তী বছরসমূহের জন্য ০.২৫ নম্বর যোগ হবে) | | ১০ |
| **(৫) কম্পিউটার জ্ঞান-** | | ০৫ |
| **(৬) ক) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা-** | ২.৫০ | ০৫ |
| **খ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-** | ২.৫০ | |
| **(৭) মৌখিক পরীক্ষা-** | | ১০ |
| | **সর্বমোট=** | ১০০ |

**৪.৪** মৌখিক পরীক্ষা গ্রহণের পূর্বেই প্রার্থীদের কম্পিউটার জ্ঞান, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) -এর বিষয়ে পদোন্নতি কমিটি পরীক্ষা গ্রহণ করে নম্বর প্রদান করবেন। উল্লিখিত পদসমূহে পদোন্নতি বিবেচনার ক্ষেত্রে প্রার্থীদের মৌখিক পরীক্ষার পাশ নম্বর হবে ৪ (চার)।

**৪.৫** পদোন্নতি কমিটি প্রার্থীদের মৌখিক পরীক্ষা/সাক্ষাৎকার গ্রহণ শেষে একটি মেধা তালিকা প্রস্তুত করবেন। ম্যানেজার/ডেপুটি ম্যানেজার/সহকারী ম্যানেজার/জুনিয়র অফিসার পদসমূহের শূন্য পদ পূরণের নিমিত্তে **১ম দু'টি** শূন্য পদ উক্ত মেধা তালিকা থেকে এবং ৩য় শূন্য পদটি সংস্থা কর্তৃক প্রণীত জ্যেষ্ঠতা/গ্রেডেশন তালিকার ক্রমিকের সর্বোচ্চ অবস্থানে থাকা কর্মকর্তাকে মনোনীত করবেন। পদোন্নতি কমিটি এভাবে পর্যায়ক্রমে অবশিষ্ট শূন্য পদগুলোর প্রার্থী বাছাই করে পরবর্তী পদে পদোন্নতির জন্য চূড়ান্তভাবে একটি তালিকা প্রস্তুত করে তা অনুমোদনের জন্য সরাসরি বোর্ড সভায় উপস্থাপনের সুপারিশ করবেন।

**৪.৬ <u>'বিশেষায়িত পদে' পদোন্নতি বিবেচনাঃ</u>**

| ফিডার পদ (বর্তমান পদ) | পদোন্নতির জন্য বিবেচ্য পদ | সাক্ষাৎকার গ্রহণের জন্য কোয়ালিফাইং নম্বর (৯০ নম্বরের মধ্যে) | পদোন্নতি কমিটি | |
|---|---|---|---|---|
| বিশেষায়িত যে কোন পদ | সংস্থার অর্গানোগ্রাম মোতাবেক পদোন্নতিযোগ্য বিবেচ্য পদ | **৬৫** | ১. ব্যবস্থাপনা পরিচালক, সাবীক | -সভাপতি |
| | | | ২. অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের একজন উপযুক্ত প্রতিনিধি | -সদস্য |
| | | | ৩. বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের একজন উপযুক্ত প্রতিনিধি | -সদস্য |
| | | | ৪. জেনারেল ম্যানেজার (মানব সম্পদ), সাবীক | -সদস্য |
| | | | ৫. ডেপুটি জেনারেল ম্যানেজার (মানব সম্পদ), সাবীক | -সদস্য সচিব |

কর্পোরেশনের মানব সম্পদ বিভাগ বিশেষায়িত পদের ফিডার পদ হতে বিবেচ্য পদে পদোন্নতির জন্য ৯০ নম্বরের মধ্যে কোয়ালিফাইং নম্বরপ্রাপ্ত প্রার্থীদের একটি তালিকা প্রণয়ন করে যোগ্য প্রার্থীদের মৌখিক পরীক্ষা/সাক্ষাৎকার গ্রহণের নিমিত্তে সংশ্লিষ্ট তালিকা নির্বাচনী বোর্ডের নিকট উপস্থাপন করবে।

উল্লিখিত পদোন্নতিযোগ্য পদে পদোন্নতি বিবেচনার জন্য পদোন্নতিযোগ্য প্রার্থীগণের শিক্ষাগত যোগ্যতা, কর্পোরেশনের চাকুরীকাল, প্রশিক্ষণ, চাকুরী জীবনে সততা ও নৈতিকতা এবং বার্ষিক গোপনীয় অনুবেদন ইত্যাদি বিবেচনা করে সর্বমোট ১০০ (একশত) নম্বরের ভিত্তিতে নির্বাচনী বোর্ড প্রার্থীগণকে সার্বিক মূল্যায়ন করবে। উক্ত ১০০ (একশত) নম্বরের বিষয়ভিত্তিক বিভাজন (Break-up) নিম্নরূপ হবেঃ-

| বিষয় | | নম্বর বন্টন |
|---|---|---|
| **(১) বার্ষিক গোপনীয় প্রতিবেদন (ACR)** | | ৫৫ |
| **(২) শিক্ষাগত যোগ্যতা-** | | ১০ |
| **ক) স্নাতকোত্তর/চার বছর মেয়াদী স্নাতক (সম্মান)/বিএসসি ইঞ্জিনিয়ারিং বা সমমান/এমবিবিএস বা সমমান-** (১ম শ্রেণী বা সমমানের গ্রেড- ১০, ২য় শ্রেণী বা সমমানের গ্রেড- ৯ ও ৩য় শ্রেণী বা সমমানের গ্রেড- ৮ নম্বর পাবেন।) | ১০ | |
| **খ) তিন বছর মেয়াদী স্নাতক (সম্মান)/বিবিএ/এলএলবি বা সমমান-** (১ম শ্রেণী বা সমমানের গ্রেড- ৯, ২য় শ্রেণী বা সমমানের গ্রেড- ৮ ও ৩য় শ্রেণী বা সমমানের গ্রেড- ৭ নম্বর পাবেন।) | ৯ | |
| **গ) স্নাতক বা সমমান-** (১ম শ্রেণী বা সমমানের গ্রেড- ৮, ২য় শ্রেণী বা সমমানের গ্রেড- ৭ ও ৩য় শ্রেণী বা সমমানের গ্রেড- ৬ নম্বর পাবেন।) | ৮ | |
| **ঘ) এইচ.এস.সি. বা সমমান-** (১ম শ্রেণী বা সমমানের গ্রেড- ৭, ২য় শ্রেণী বা সমমানের গ্রেড- ৬ ও ৩য় শ্রেণী বা সমমানের গ্রেড- ৫ নম্বর পাবেন।) | ৭ | |
| **ঙ) এস.এস.সি. বা সমমান-** (১ম শ্রেণী বা সমমানের গ্রেড- ৬, ২য় শ্রেণী বা সমমানের গ্রেড- ৫ ও ৩য় শ্রেণী বা সমমানের গ্রেড- ৪ নম্বর পাবেন।) | ৬ | |
| **(৩) চাকুরিকাল-** (বর্তমান পদে প্রতিবছরের জন্য ১ নম্বর এবং পূর্ববর্তী বছরসমূহের জন্য ০.২৫ নম্বর যোগ হবে) | | ১০ |
| **(৪) বর্তমানে কর্মরত বিশেষায়িত পদে বিশেষ ডিগ্রী-** (বিআইএ ডিপ্লোমা সার্টিফিকেটধারী, সিএ, আইসিএমএ, সিএফএ, বার-এ্যাট-ল বা সমমান) | | ৫ |

| বিষয় | | নম্বর বন্টন |
|---|---|---|
| **(৫) কম্পিউটার বিষয়ে জ্ঞান-** | | ০৫ |
| **(৬) ক) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা-**<br>**খ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-** | ২.৫০<br>২.৫০ | ০৫ |
| **(৭) মৌখিক পরীক্ষা-** | | ১০ |
| | **সর্বমোট=** | ১০০ |

মৌখিক পরীক্ষা গ্রহণের পূর্বেই প্রার্থীদের কম্পিউটার জ্ঞান, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) -এর বিষয়ে পদোন্নতি কমিটি পরীক্ষা গ্রহণ করে নম্বর প্রদান করবেন। উল্লিখিত পদসমূহে পদোন্নতি বিবেচনার ক্ষেত্রে প্রার্থীদের মৌখিক পরীক্ষার পাশ নম্বর হবে ৪ (চার)।

৪.৭ পদোন্নতি কমিটি প্রার্থীদের মৌখিক পরীক্ষা/সাক্ষাৎকার গ্রহণ শেষে একটি মেধা তালিকা প্রস্তুত করবেন। পদোন্নতিযোগ্য বিবেচ্য বিশেষায়িত পদের শূন্য পদ পূরণের নিমিত্তে ১ম দু'টি শূন্য পদ উক্ত মেধা তালিকা থেকে এবং ৩য় শূন্য পদটি সংস্থা কর্তৃক প্রণীত জ্যেষ্ঠতা/গ্রেডেশন তালিকার ক্রমিকের সর্বোচ্চ অবস্থানে থাকা বিশেষায়িত কর্মকর্তাকে মনোনীত করবেন। পদোন্নতি কমিটি এভাবে পর্যায়ক্রমে অবশিষ্ট শূন্য পদগুলোর প্রার্থী বাছাই করে পরবর্তী পদে পদোন্নতির জন্য চূড়ান্তভাবে একটি তালিকা প্রস্তুত করে তা অনুমোদনের জন্য সরাসরি বোর্ড সভায় উপস্থাপনের সুপারিশ করবেন। .

উল্লেখ্য যে, পদোন্নতি কমিটির সুপারিশের আলোকে বর্ণিত পদসমূহে পদোন্নতি বিবেচনার ক্ষেত্রে বিশেষায়িত কোন ব্যক্তিকে উক্ত কমিটিতে অন্তর্ভুক্ত করা যাবে।

৪.৮

| ফিডার পদ (বর্তমান পদ) | পদোন্নতির জন্য বিবেচ্য পদ | সাক্ষাৎকার গ্রহণের জন্য কোয়ালিফাইং নম্বর (৯০ নম্বরের মধ্যে) | পদোন্নতি কমিটি |
|---|---|---|---|
| অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>টেলিফোন অপারেটর | উচ্চমান সহকারী | ৫৬ | ১. জেনারেল ম্যানেজার (মানব সম্পদ), সাবীক -সভাপতি<br>২. অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের একজন উপযুক্ত প্রতিনিধি -সদস্য<br>৩. বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের একজন উপযুক্ত প্রতিনিধি -সদস্য<br>৪. ডেপুটি জেনারেল ম্যানেজার (মানব সম্পদ), সাবীক -সদস্য সচিব |

কর্পোরেশনের মানব সম্পদ বিভাগ উচ্চমান সহকারী পদে পদোন্নতির জন্য ৯০ নম্বরের মধ্যে কোয়ালিফাইং নম্বরপ্রাপ্ত প্রার্থীদের একটি তালিকা প্রণয়ন করে যোগ্য প্রার্থীদের মৌখিক পরীক্ষা/সাক্ষাৎকার গ্রহণের নিমিত্তে সংশ্লিষ্ট তালিকা নির্বাচনী বোর্ডের নিকট উপস্থাপন করবে।

উল্লিখিত পদোন্নতিযোগ্য পদে পদোন্নতি বিবেচনার জন্য পদোন্নতিযোগ্য প্রার্থীগণের শিক্ষাগত যোগ্যতা, কর্পোরেশনের চাকুরীকাল, বীমা বিষয়ে অর্জিত ডিগ্রি (ডিপ্লোমা), প্রশিক্ষণ, চাকুরী জীবনে সততা ও নৈতিকতা এবং বার্ষিক গোপনীয় অনুবেদন ইত্যাদি বিবেচনা করে সর্বমোট ১০০ (একশত) নম্বরের ভিত্তিতে নির্বাচনী বোর্ড প্রার্থীগণকে সার্বিক মূল্যায়ন করবে। উক্ত ১০০ (একশত) নম্বরের বিষয়ভিত্তিক বিভাজন (Break-up) নিম্নরূপ হবেঃ-

| বিষয় | | নম্বর বন্টন |
|---|---|---|
| **(১) বার্ষিক গোপনীয় প্রতিবেদন (ACR)** | | ৫৫ |
| **(২) শিক্ষাগত যোগ্যতা-**<br>**ক) স্নাতকোত্তর/চার বছর মেয়াদী স্নাতক (সম্মান)/এমবিবিএস বা সমমান-**<br>(১ম শ্রেণী বা সমমানের গ্রেড- ১০, ২য় শ্রেণী বা সমমানের গ্রেড- ৯ ও ৩য় শ্রেণী বা সমমানের গ্রেড- ৮ নম্বর পাবেন।)<br>**খ) তিন বছর মেয়াদী স্নাতক (সম্মান)/বিবিএ/এলএলবি বা সমমান-**<br>(১ম শ্রেণী বা সমমানের গ্রেড- ৯, ২য় শ্রেণী বা সমমানের গ্রেড- ৮ ও ৩য় শ্রেণী বা সমমানের গ্রেড- ৭ নম্বর পাবেন।)<br>**গ) স্নাতক বা সমমান-**<br>(১ম শ্রেণী বা সমমানের গ্রেড- ৮, ২য় শ্রেণী বা সমমানের গ্রেড- ৭ ও ৩য় শ্রেণী বা সমমানের গ্রেড- ৬ নম্বর পাবেন।)<br>**ঘ) এইচ.এস.সি. বা সমমান-**<br>(১ম শ্রেণী বা সমমানের গ্রেড- ৭, ২য় শ্রেণী বা সমমানের গ্রেড- ৬ ও ৩য় শ্রেণী বা সমমানের গ্রেড- ৫ নম্বর পাবেন।)<br>**ঙ) এস.এস.সি. বা সমমান-**<br>(১ম শ্রেণী বা সমমানের গ্রেড- ৬, ২য় শ্রেণী বা সমমানের গ্রেড- ৫ ও ৩য় শ্রেণী বা সমমানের গ্রেড- ৪ নম্বর পাবেন।) | <br>১০<br><br>৯<br><br>৮<br><br>৭<br><br>৬ | ১০ |
| **(৩) চাকুরিকাল-**<br>(বর্তমান পদে প্রতিবছরের জন্য ১ নম্বর এবং পূর্ববর্তী বছরসমূহের জন্য ০.২৫ নম্বর যোগ হবে) | | ১০ |
| **(৪) কম্পিউটার জ্ঞান-** | | ১০ |
| **(৫) ক) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা-**<br>**খ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-** | ২.৫০<br>২.৫০ | ০৫ |
| **(৬) মৌখিক পরীক্ষা-** | | ১০ |
| | **সর্বমোট=** | ১০০ |

মৌখিক পরীক্ষা গ্রহণের পূর্বেই প্রার্থীদের কম্পিউটার জ্ঞান, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) -এর বিষয়ে পদোন্নতি কমিটি পরীক্ষা গ্রহণ করে নম্বর প্রদান করবেন। উল্লিখিত পদসমূহে পদোন্নতি বিবেচনার ক্ষেত্রে প্রার্থীদের মৌখিক পরীক্ষার পাশ নম্বর হবে ৪ (চার)।

৪.৯ পদোন্নতি কমিটি প্রার্থীদের মৌখিক পরীক্ষা/সাক্ষাৎকার গ্রহণ শেষে একটি মেধা তালিকা প্রস্তুত করবেন। উচ্চমান সহকারী পদের শূন্য পদ পূরণের নিমিত্তে ১ম দু'টি শূন্য পদ উক্ত মেধা তালিকা থেকে এবং ৩য় শূন্য পদটি সংস্থা কর্তৃক প্রণীত জ্যেষ্ঠতা/গ্রেডেশন তালিকার ক্রমিকের সর্বোচ্চ অবস্থানে থাকা কর্মচারীকে মনোনীত করবেন। পদোন্নতি কমিটি এভাবে পর্যায়ক্রমে অবশিষ্ট শূন্য পদগুলোর প্রার্থী বাছাই করে পরবর্তী পদে পদোন্নতির জন্য চূড়ান্তভাবে একটি তালিকা প্রস্তুত করে তা অনুমোদনের জন্য সরাসরি বোর্ড সভায় উপস্থাপনের সুপারিশ করবেন।

৫। **গ্রেড-২০ হতে গ্রেড-১৬ পর্যন্ত পদে পদোন্নতি বিবেচনা:**

২০তম হতে ১৭তম গ্রেডভুক্ত কর্মচারীদের অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক অর্থাৎ ১৬তম গ্রেডে পদোন্নতির ক্ষেত্রে সার্ভিস রুলস্ এর তফসিলে বর্ণিত শিক্ষাগত যোগ্যতা, বাংলা ও ইংরেজীতে নির্ধারিত টাইপিং দক্ষতা ছাড়াও বিভাগীয় সন্তোষজনক প্রতিবেদন থাকতে হবে। এছাড়া ১৬তম গ্রেডের নিম্নের যে কোন পদে বিভাগীয় সন্তোষজনক প্রতিবেদনের ভিত্তিতে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ পদোন্নতি প্রদান করতে পারবেন।

**(জ্যোৎস্না বিকাশ চাকমা)**
জেনারেল ম্যানেজার
মানব সম্পদ বিভাগ
সাধারণ বীমা কর্পোরেশন

**সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):-**

১. ব্যবস্থাপনা পরিচালক, সাবীক, প্রধান কার্যালয়, ঢাকা।
২. সকল জেনারেল ম্যানেজার, সাধারণ বীমা কর্পোরেশন।
৩. সকল ডেপুটি জেনারেল ম্যানেজার, সাধারণ বীমা কর্পোরেশন।
৪. সকল সহকারী জেনারেল ম্যানেজার, সাধারণ বীমা কর্পোরেশন।
৫. সহকারী জেনারেল ম্যানেজার, আইটি বিভাগ, সাবীক, প্র:কা:, ঢাকা-কে ওয়েবসাইটে প্রকাশের জন্য।
৬. সকল বিভাগীয় প্রধান (ম্যানেজার), সাবীক, প্রধান কার্যালয়, ঢাকা।
৭. ম্যানেজার, সাবীক, জোনাল অফিস, ময়মনসিংহ/সিলেট।
৮. নোটিশ বোর্ড।
৯. সংশ্লিষ্ট নথি।
১০. মাস্টার নথি।